



মিরপুরে মাল্টিমিডিয়া প্রচারবাস উদ্বোধন করলেন জামায়াত আমির



সংগৃহীত ছবি

রাজধানীতে ভ্রাম্যমাণ বাসে নির্বাচনী প্রচারণার কার্যক্রম শুরু করেছে জামায়াতে ইসলামী। মিরপুর-১০ এলাকায় দলীয় অফিস ও মাল্টিমিডিয়া প্রচারবাসের উদ্বোধন করেন দলের আমির ডা. শফিকুর রহমান।

উদ্বোধন শেষে তিনি বলেন, দেশের সম্পদ ও মর্যাদা যারা সুরক্ষিত রাখতে পারবে, নির্বাচনের দিনে জনগণ তাদের হাতেই দায়িত্ব ভুলে দেবে। তার ভাষ্য, মানুষ এখন পরিবর্তনের প্রত্যাশায় রয়েছে এবং জামায়াত সেই পরিবর্তনের পক্ষে কাজ করছে।

তিনি আরও দাবি করেন, দল বিজয়ী হলে তা হবে সাধারণ মানুষেরই বিজয়। আগামী ১৩ তারিখ থেকে নতুন পথচলার কথা উল্লেখ করে তিনি বলেন, জনগণের সমর্থন না থাকায় বিভিন্ন স্থানে সহিংসতার ঘটনা ঘটছে।

পরে ঢাকা-১৫ আসনের ভোটারদের উদ্দেশে দাঁড়িপাল্লা প্রতীকে ভোট চেয়ে সমর্থন কামনা করেন তিনি।

LENS ASIA